

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬০(আগরতলা ৪।।)

ধর্মনগর, ৪ জানুয়ারি, ২০২৪

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযান
উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক আলোচনাচক্র

ত্রিপুরা বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক এক আলোচনাচক্র গতকাল ধর্মনগরে অনুষ্ঠিত হয়। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে শিক্ষা এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস। অনুষ্ঠানে তিনি নারীদের আরও বেশি করে সমাজ গঠনের কাজে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মণ্ডু নাথ, ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের সহকারি অধ্যাপিকা ড. নন্দিতা রায়, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক প্রসেনজিৎ দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ প্রমুখ।

অনুষ্ঠানে জেলার ৫০ জন ছাত্রীকে ক্রীড়া, মিউজিক, যোগা, সেবামূলক কাজের জন্য সংবর্ধনা দেওয়া হয়েছে। এছাড়াও ২০২৩ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জেলার সেরা ১০ জন করে ২০ জন ছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। এছাড়াও ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য জেলার পাঁচজন ছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। ৬ জন দিব্যাঙ্গ ছাত্রীকেও সংবর্ধনা দেওয়া হয়েছে মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষায় ভাল ফলাফল করার জন্য। ২টি করে নিম্ন বুনিয়াদি, উচ্চ বুনিয়াদি এবং মাধ্যমিক বিদ্যালয়কে সংবর্ধনা দেওয়া হয়। জেলার ১০টি বিদ্যালয়কে ত্রিপুরা বেটি বাঁচাও, বেটি পড়াও সম্পর্কিত বিষয়ে সচেতনতামূলক কর্মসূচির জন্য ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রীরা অংশগ্রহণ করে।
